



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)
বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নংঃ এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩-২৩

তারিখঃ ২৯ আগস্ট ২০১৮

প্রেস বিজ্ঞপ্তিঃ

সাংবাদিক নদী হত্যার ঘটনায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে চিঠি

গণমাধ্যমে প্রকাশিত হয় যে, বেসরকারি টিভি চ্যানেল আনন্দ টিভির পাবনা জেলা প্রতিনিধি সুবর্ণা নদীকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। এ ঘটনায় উদ্বেগ জানিয়েছেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক। তিনি বলেন, “সাংবাদিক নদী হত্যার ঘটনায় তীব্র নিন্দা জানাচ্ছি। হত্যাকারীদের চিহ্নিত করে আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানাচ্ছি। গণমাধ্যমে সাংবাদিক নদী হত্যার ঘটনা প্রকাশিত হওয়ার পর কমিশন স্বতঃপ্রণোদিত হয়ে অভিযোগটি গ্রহণ করে আইন শৃঙ্খলা বাহিনীকে ঘটনার সুষ্ঠু তদন্ত করে হত্যাকারীদের দ্রুত আইনের আওতায় আনার জন্য প্রয়োজনীয় নির্দেশনা দিতে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে চিঠি দিয়েছে।”

ধন্যবাদান্তে

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন

মোবাইলঃ ০১৭৯০-৫৩৬৯৩৬